স্মারক # ২৩৯/১৩-২৩১

তাং: ১৭/০২/২৪

সংবাদ বিজ্ঞপ্তি:

রাজউকের প্রধান প্রকৌশলী পদে পদোন্নতিতে অনিয়মের অভিযোগ: জাতীয় মানবাধিকার কমিশনের ব্যাখ্যা তলব

রাজউকের প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) পদে অনিয়ম করে জ্যেষ্ঠ কর্মকর্তাকে বঞ্চিত করে কনিষ্ঠ কর্মকর্তাকে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে অভিযোগ পেয়েছে জাতীয় মানবাধিকার কমিশন। কমিশনের বেঞ্চে উক্ত অভিযোগ পর্যালোচনায় দেখা যায় যে, যাকে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে জৈষ্ঠ্যতা বিবেচনায় তার অবস্থান সংক্ষুব্ধ ব্যাক্তির পরে, এমনকি দুর্নীতি দমন কমিশনে চলতি দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ অনুসন্ধানাধীন রয়েছে। তারপরও তিনি প্রধান প্রকৌশলীর (বাস্তবায়ন) চলতি দায়িত্বের পদে বহাল তবিয়তে নিয়োজিত রয়েছেন, যা জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ১৮ এপ্রিল ২০২৩ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপনের সুস্পষ্ট লঙ্ঘন। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী, কোন কর্মকর্তাকে ৬ মাসের বেশি চলতি দায়িত্ব প্রদানের প্রয়োজন হলে সংশ্লিষ্ট পদোন্নতি কমিটি বা বোর্ডের অনুমোদন নিতে হবে। অথচ, এই অনুমোদন না নিয়েই চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৩ বছরের বেশি উক্ত পদে নিয়োজিত রয়েছেন। কমিশনের বেঞ্চ-১ মনে করে, যদি দেশের গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান রাজউকের উচ্চতর এ পদে পদায়নের ক্ষেত্রে এ প্রকারের অনিয়ম হয় তবে তা দাপ্তরিক ব্যর্থতা, ব্যবস্থাপনার বিশৃঙ্খলা এবং ইতোমধ্যেই উত্থাপিত দুর্নীতির ক্ষেত্রে প্রশ্রয় দানে যোগসাজসের ইঙ্গিত বহন করে। এছাড়াও, যদি বিধি মোতাবেক কেউ প্রাপ্যতা থেকে বঞ্চিত হয় তবে তার মানবিক মর্যাদা ক্ষুন্ন হয়, এবং তার মানবাধিকার লঙ্ঘন হয়। বিষয়টি স্পষ্টীকরনের জন্য চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-কে ব্যাখ্যা প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। আদেশের অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন